ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৯৪৭

আগরতলা, ১৯ আগস্ট, ২০২৪

## মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে রাখি পূর্ণিমা উৎসব
## আমাদের সবার উচিত বোনেদের সুরক্ষিত রাখা ঃ মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সরকারি বাসভবনে আজ সকালে রাখি পূর্ণিমা উৎসব উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। রাখি পূর্ণিমা উৎসব উপলক্ষে এদিন মুখ্যমন্ত্রীর হাতে রাখি পরিয়ে দেন প্রাক্তন বিধায়ক মিমি মজুমদার, আগরতলা পুর নিগমের কর্পোরেটর রত্না দত্ত, নিতু দে গুহ, সুপর্ণা দেবনাথ, রুমা দাস, প্রজাপিতা ব্রহ্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের বোনেরা, আগরতলা মহিলা মহাবিদ্যালয়ের ছাত্রীগণ ছাড়াও জাতি, জনজাতি ও মুসলিম সমাজের বোনেরা। মুখ্যমন্ত্রীর হাতে রাখি ও পুস্পস্তবক দিয়ে তারা মুখ্যমন্ত্রীর সুস্থ, সবল ও দীর্ঘ জীবন কামনা করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বোনেরা যদি খুশিতে ও আনন্দে থাকে তাহলে আমাদের সবার মনও প্রাণবন্ত হয়ে উঠে। তাই আমাদের সবার উচিত বোনেদের বিষয়ে সব সময় ভাল চিন্তা করা ও তাদের সুরক্ষিত রাখা।

অনুষ্ঠানে সাংবাদিকদের সাথে কথা বলার সময় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, আমাদের জনসংখ্যার প্রায় অর্ধেক অংশ হচ্ছে মহিলারা। আমরা চাইছি সব জায়গার মধ্যে যাতে একটা প্রীতি ও ভালবাসার সম্পর্ক তৈরী হয়। তিনি বলেন, রাজ্য সরকার নেশামুক্ত ত্রিপুরা-গড়ার সাথে সাথে হিংসামুক্ত ত্রিপুরা গড়ার প্রয়াস নিয়েছে। এ কাজ সকলকে মিলেমিশে করতে হবে।

*****